

📖 সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২২৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৫৮২, ৪৫৮৩]

৫২/ তাফসীর (كتاب تفسیر)

পরিচ্ছেদঃ ২৩৩৫. আল্লাহর বাণীঃ যখন প্রত্যেক উম্মত হতে একজন সাক্ষী উপস্থিত করব এবং তোমাকে ওদের বিরুদ্ধে সাক্ষীরূপে উপস্থিত করব তখন কী অবস্থা হবে (৪ : ৪১) الْخِتَالُ الْمُخْتَالُ একই অর্থে ব্যবহৃত, দাস্তিক। سَمَانِ করে দেব। শেষ পর্যন্ত তাদের গর্দানের পশ্চাদিকের মতো হয়ে যাবে। طَمَسَ الْكِتَابَ কিতাবের লেখা মুছে ফেলা। سَعِيرًا জ্বলন্ত।

باب فكيف إذا جئنا من كل أمة بشهيد وجئنا بك على هؤلاء شهيدا المختال والختال
واحد نطمس وجوها نسويها حتى تعود كأقفاهم طمس الكتاب محاه جهنم سعيرا وقودا

আরবী

حَدَّثَنَا صَدَقَةُ، أَخْبَرَنَا يَحْيَى، عَنْ سُفْيَانَ، عَنْ سُلَيْمَانَ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَبْدِ اللَّهِ، عَنْ عُبَيْدِ اللَّهِ، قَالَ يَحْيَى بَعْضُ الْحَدِيثِ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، قَالَ قَالَ لِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " اقْرَأْ عَلَى " . قُلْتُ اقْرَأْ عَلَيْكَ وَعَلَيْكَ أَنْزَلَ قَالَ " فَإِنِّي أُحِبُّ أَنْ أَسْمَعَهُ مِنْ غَيْرِي " . فَقَرَأْتُ عَلَيْهِ سُورَةَ النَّسَاءِ حَتَّى بَلَغْتُ (فَكَيْفَ إِذَا جِئْنَا مِنْ كُلِّ أُمَّةٍ بِشَهِيدٍ وَجِئْنَا بِكَ عَلَى هَؤُلَاءِ شَهِيدًا) قَالَ " أَمْسِكْ " . فَإِذَا عَيْنَاهُ تَذَرِفَانِ.

বাংলা

৪২২৭। সাদকাহ (রহঃ) ... আমার ইবনু মুররা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, আমার কাছে কুরআন পাঠ কর। আমি বললাম, আমি আপনার কাছে পাঠ করব? অথচ তা আপনার কাছেই অবতীর্ণ হয়েছে। তিনি বললেন, অন্যের মুখে শ্রবণ করাকে আমি পছন্দ করি। এরপর আমি তাঁর নিকট 'সূরা নিসা' পড়লাম, যখন আমি هَؤُلَاءِ بِشَهِيدٍ وَجِئْنَا بِكَ عَلَى هَؤُلَاءِ شَهِيدًا পর্যন্ত পাঠ করলাম, তিনি বললেন, থাম, থাম, তখন তাঁর দুচোখ থেকে টপ টপ করে অশ্রু নির্গত হচ্ছিল।

আল্লাহর বাণীঃ مِنَ الْغَائِطِ مَنْ كُنْتُمْ مَرْضَى أَوْ عَلَى سَفَرٍ أَوْ جَاءَ أَحَدٌ مِنْكُمْ مِنَ الْغَائِطِ আর যদি তোমরা পীড়িত হও অথবা সফরে থাক অথবা তোমাদের কেউ শৌচ স্থান থেকে আসে (৪: ৪৩) صَعِيدًا মাটির উপরিভাগ। জাবির (রাঃ) বলেন যে সকল তাগুদের কাছে তারা বিচারের জন্য যেত তাদের একজন ছিল বুহাইনা গোত্রের, একজন আসলাম গোত্রের এবং এভাবে প্রত্যেক গোত্রে এক-একজন করে তাগুত ছিল। তারা হচ্ছে গণক। তাদের কাছে শয়তান আসত।

উমার (রাঃ) বলেন, الْجَبْتُ جَادُو، وَالطَّاغُوتُ شَيْطَانٌ। ইকরামাহ (রাঃ) বলেন, হাবশী ভাষায় শায়ত্বনকে الْجَبْتُ বলা হয়। আর গণককে طَّاغُوتُ বলা হয়।

English

Narrated `Abdullah bin Masud:

Allah's Messenger (ﷺ) said to me, "Recite (of the Qur'an) for me," I said, "Shall I recite it to you although it had been revealed to you?" He said, "I like to hear (the Qur'an) from others." So I recited Surat-an- Nisa' till I reached: "How (will it be) then when We bring from each nation a witness, and We bring you (O Muhammad) as a witness against these people?" (4.41) Then he said, "Stop!" And behold, his eyes were overflowing with tears."

ফুটনোট

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আমর ইবনু মুররা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=4505>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন